শ্যামপুরে প্রহারে আশঙ্কাজনক ওসি

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : দীর্ঘদিন ধরে স্থানীয় মোতিয়ার মুন্সি ও হানিফ মুন্সির পরিবারের মধ্যে জমি নিয়ে বিবাদ চলছিল। মাস ছয়েক আগে দুই পরিবারের মধ্যে সংঘর্ষ হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে গেলে পুলিশের উপরমারধরের অভিযোগ ওঠে। তারপর থেকেই ফেরার মোতিয়ার ও তার লোকজন।

বৃহস্পতিবার ফের দুই পরিবারের মধ্যে ঝামেলা বাধে। তারও পর গোপনসূত্রে মোতিয়ারের এলাকায় ফেরার খবর পায় পুলিশ। ওই দিনই রাতে তার খোঁজে মুন্সিপাড়ায় যায় পুলিশ। অভিযোগ, সেখানে পুলিশের উপর ফের চড়াও হয় মোতিয়ারের লোকেরা। মারধর করা হয় ওসি সুমন দাসকে। আহত হন এসআই তরুণ পুরোকাইত ও দশজন পুলিশ কর্মী। তাঁদের ওপর লোহার রড ও ধারালো অস্ত্র নিয়ে হামলা করা হয়। এরপর পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পৌঁছায় পুলিশবাহিনী। ঘটনাস্থলে গেছেন হাওড়া পুলিশকমিশনারডিপিসিং। ওসিসুমনদাসের অবস্থা আশঙ্কাজনক। বেলভিউ হাসপাতালের আইসিইউতে তাঁকে রাখা হয়েছে। গঠন করা হয়েছে পাঁচ সদস্যের একটি মেডিকেল টিম। সিটি স্ক্যান করা হয়েছে বলে জানা গিয়েছে।

ধর্ষণের অভিযোগে ১০ বছর কারাদণ্ড

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : মানসিক ভারসাম্যহীন এক বৃদ্ধাকে ধর্ষণের অপরাধে ১০ বছরের সশ্রম কারাদণ্ড এবং ৫০০০ টাকা জরিমানা অনাদায়ে ৬ মাসের সশ্রম কারাদণ্ড হল এক প্রৌঢ়ের। অপরাধীর নাম আব্দুল আদত খান। শনিবার হাওড়া জেলা আদালতের পঞ্চম অতিরিক্ত জেলা ও সেশন কোর্টের বিচারক অনিতা মাথুর এই রায় দেন।

এদিন সরকারি আইনজীবী অশোক সাহা জানিয়েছেন ঘটনাটি ঘটেছে হাওড়ার ডোমজুড় থানা এলাকার পায়রাটুঙ্গি গ্রামের বাগপাড়ায়। একা থাকার সুযোগ নিয়ে ১০ মার্চ ২০১৬ অশীতিপর এক বৃদ্ধাকে ধর্ষণ করে বলে অভিযোগ। অভিযুক্ত ওই গ্রামের খানা পাড়ার বাসিন্দা আব্দুল। এরপর বৃদ্ধার বউমা ঘটনাটি দেখে ফেললে চিৎকার করে। সঙ্গে সঙ্গে স্থানীয় বাসিন্দারা ছুটে আসলে অভিযুক্ত পালিয়ে যায়। এরপর বৃদ্ধার পরিবারের পক্ষ থেকে ডোমজুড় থানায় লিখিত অভিযোগ করা হয়। সেই অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করে পুলিশ। পরের দিন ১১ মার্চ গ্রেফতার করা হয় অভিযুক্তকে। এরপর তাকে জেল হেফাজতে রেখে মামলা চলে। ৫ জানুয়ারি অভিযুক্তকে দোষী সাব্যস্ত করা হয়। এদিন তার সাজা ঘোষণা করেন বিচারক।

গঙ্গাসাগর মেলা উপলক্ষে স্বাস্থ্যকর্মীদের নিয়ে বৈঠক মন্ত্রীর

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : ২০১৮ সালের গঙ্গাসাগর মেলায় সমস্ত স্বাস্থ্য কর্মীদের সতর্ক থাকার কথা বলেন স্বাস্থ্য দফতরের প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। আজ কাকদ্বীপ বিডিও অফিসের সভাকক্ষে স্বাস্থ্য দফতরের সমস্ত আধিকারিকে নিয়ে আসন্ন গঙ্গাসাগর মেলায় স্বাস্থ্য ব্যবস্থা সম্পর্কে খোঁজ নেন চন্দ্রিমা ভট্টাচার্য। পরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে মাননীয় মন্ত্রী বলেন গতবারের মত নামখানা, বেনুবন, কচুবেড়িয়া, লট নম্বর-৮ এ দশ শয্যার স্থায়ী হাসপাতাল করা হচ্ছে। এ ছাড়াও ভ্রাম্যমাণ স্বাস্থ্য ব্যবস্থাও থাকছে। গঙ্গাসাগরে পঞ্চাশশয্যার হাসপাতাল থাকছে। এছাড়াও ডায়মন্ড হারবার জেলা হাসপাতাল, কাকদ্বীপ হাসপাতাল এবং রুদ্রনগর হাসপাতাল অতিরিক্ত পরিষেবার ব্যবস্থা থাকছে মেলার জন্য। কাকদ্বীপ হাসপাতালে এইচ.ডি.ইউতে অতিরিক্ত দুটি টুলি রাখার চিন্তা ভাবনা করেছে। এছাড়াও সমস্ত পয়েন্টে অ্যাম্বুলীন্স সহ জরুরি পরিষেবার ও ব্যবস্থা থাকবে। কচুবেড়িয়া থেকে লট নম্বর-৮ এ জলপথে দ্রুত গতিসম্পন্ন জলযান রাখা হচ্ছে।

সভায় উপস্থিত ছিলেন সুন্দরবন উন্নয়ন মন্ত্রী মন্টুরাম পাখিরা অতিরিক্ত জেলা শাসক ও কাকদ্বীপের মহকুমা শাসক স্বাস্থ্য আধিকারিকগণ।

দেওরের হাতে দায়ের কোপে আক্রান্ত দুই বউদি

নিজস্ব সংবাদদাতা, হাবড়া : শুক্রবার দুপুরে দেওরের হাতে দায়ের কোপে আক্রান্ত দুই বউদি। ঘটনাটি ঘটেছে উত্তর ২৪ পরগনা জেলার গাইঘাটা থানার হাঁসপুর এলাকায়। স্থানীয় সূত্রে জানা যায়, একই বাড়িতে তিন ভাই থাকত। বড়ভাইও ছোট ভাইবিয়েকরলেও মেজভাই প্রধীপ সরকার বিয়ে করেনি। মানসিকভাবে রোগাক্রান্ত থাকায় তার নার্ভের চিকিৎসা চলছিল। জানা যায়, শুক্রবার দুপুরে বাড়িতে হাতে দা নিয়ে ঘোরাফেরা করছিল সে। সেইসময় অচমকাবড় বউদিরীতা সরকার ও ভাইবউ সোমা সরকারকে দা দিয়ে সজোরে মাথায় আঘাত করে। সঙ্গেসঙ্গেদুই জনেইমাটিতে পড়েগিয়ে চিৎকার করতে থাকে। পরে এলাকার লোকজন এসে তাদের উদ্ধার করে হাবড়া হাসপাতালে নিয়ে আসে। এই ঘটনায় এলাকায় ব্যাপক চাঞ্চল্য তৈরি হয়েছে।

হাওড়ায় বন্ধ স্কুল, বিপাকে পড়ুয়ারা

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : শুক্রবার বিক্ষোভ হয়েছিল, তার রেশ আছড়ে পরে শনিবারও। এদিনও স্কুলের সামনে বিক্ষোভ দেখান পড়ুয়ারা ও তাদের অভিভাবকরাও। এক অজ্ঞাত কারণে অনির্দিষ্ট কালের জন্য বন্ধ করে দেওয়া হল হাওড়ার বিনোদিনী বালিকা বিদ্যালয় (হিদি)। আর তার ফলে চরম বিপাকে পড়েছে প্রায় তিনশো ছাত্রী। পঞ্চম শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত এই স্কুলটি এতদিন ধরে সফলভাবে চললেও নিজস্ব ঘর না থাকায় এতদিন অক্ষয় শিক্ষায়তনের বিল্ডিংয়ে সকালে চলছিল পড়াশোনা। বেলায় যথারীতি চলে অক্ষয় শিক্ষায়তন। এদিন সকাল থেকে ছাত্রীরা এসে গেটের সামনে দাঁড়িয়ে থাকলেও বেলা ন'টা পর্যন্ত কর্তৃপক্ষ ও শিক্ষকদের কারও দেখা পাওয়া যায়নি। পরে অভিভাবকরা জানতে পারেন, এই স্কুলটি বন্ধ করে দিয়েছে কর্তৃপক্ষ। এরপরেই তারা দ্বারস্থ হয় হাওড়া থানা ও জেলা স্কুল পরিদর্শকের। পরে স্কুল পরিদর্শক স্কুলটি খোলার ব্যাপারে আশ্বাস দিলে তাঁরা ফিরে যায়। এর ফলে এ বছর এই স্কুলের তিরিশ জন মাধ্যমিক পরীক্ষার্থিনী পড়ছে চরম বিপাকে। বিষয়টি নিয়ে জোর চর্চা শুরু হয়েছে হাওড়াজুড়ে। এতগুলো পড়ুয়াদের ভবিষ্যৎ সুনিশ্চিত করার দাবি ওঠে এদিন। পাশাপাশি টিচার ইন চার্জের শাস্তির দাবি জানান তাঁরা।

গৃহশিক্ষক চেয়ে আত্মঘাতী কিশোরী

নিজস্ব সংবাদদাতা, নদিয়া : তিনজন গৃহশিক্ষক ছিল আরও একজন গৃহশিক্ষক চেয়েছিল। কিন্তু, বাবা-মা তার সেই দাবি পূরণ করেননি। সেই দুঃখেই আত্মঘাতী হল এক কিশোরী। নাম জয়তি মণ্ডল (১৬)। বাড়ি ভীমপুর থানার নতুন পাড়া এলাকায়। মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে পুলিশ।

ওই ছাত্রী মাধ্যমিক পরীক্ষার্থী ছিল। তাকে তিনজন গৃহশিক্ষক পড়াতে আসতেন। কিন্তু, আরও একজন গৃহশিক্ষকের দাবি জানিয়েছিল জয়তি।

তার এই দাবি মেনে নেওয়া হয়নি। এই নিয়ে শুক্রবার বাবা-মায়ের সঙ্গে বচসা হয়। সেই দুঃখেই নিজের ঘরে গলায় শাড়ির ফাঁস লাগিয়ে আত্মহত্যা করে সে।

মৃতার কাকাদীপকমণ্ডল বলেন, ওর বাবা বলে ছিল যে ইতিমধ্যেই তিনজন গৃহশিক্ষক রয়েছে। তুই পড়াশোনা করিস না। তোকে আর মাস্টারমশাই দেব না। সঙ্গে সঙ্গে ও মাস্টারমশাইকে ফোন করে। কিন্তু যে ওই গৃহশিক্ষককে রাখাও হবে। এর পর ঘরের ভিতর গিয়ে ওর মানসিকতার যে কেন পরিবর্তন হল, সেটা ওই জানে।

ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা কার্যক্রম

নিজস্বসংবাদদাতা, হাওড়া : হাওড়া জেলার বাগনান থানার বাগনান কলেজ এনএসএস ও তৃণমূল ছাত্র সংসদ সদস্যদের উপস্থিতিতে ডেঙ্গু রোগপ্রতিরোধেসচেতনতাকার্যক্রম অনুষ্ঠিত হয়। ডেঙ্গু রোগপ্রতিরোধে করণীয় পরামর্শ ও চিকিৎসা সেবা গ্রহণ করতে হবে এ রোগ প্রতিরোধে করণীয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। মূলত হাওড়ার বিভিন্ন সময় নানা প্রান্তে ডেঙ্গু নিয়ে নানা সচেতনতা বৃদ্ধির কাজ করছে বিভিন্ন সংগঠন। হাওড়া পুরসভাও নানা উদ্যোগ নিয়েছে। এবার শীতের

মরশুমেও বিভিন্ন জায়গায় এইনিয়ে সচেতনতা শিবির হচ্ছে। যার মধ্যে বাগনানে এই উদ্যোগ যথেষ্ট তাৎপর্যপূর্ণ।

সুডোকু মেলাও — বুদ্ধি বাড়াও

	8	5	7	3			4	
								8
	1	6			4			
			2		1		6	5
7								2
6	3		4		9			
			5			8	1	
1								
	7			6	2	9	3	

গতকালের সমাধান

8	4	6	2	9	7	5	1	3
9	1	5	6	8	3	2	7	4
7	3	2	5	1	4	8	6	9
6	9	8	7	3	5	1	4	2
4	2	1	9	6	8	3	5	7
3	5	7	1	4	2	9	8	6
5	8	9	4	2	6	7	3	1
1	7	4	3	5	9	6	2	8
2	6	3	8	7	1	4	9	5

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

আবহাওয়া

পূর্বাভাস: রবিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ২৩ ডিগ্রি ও ১০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** শনিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ২৩ ডিগ্রি ও ৯ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৬২ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৬।১৮, **সূর্যাস্ত:** ঘ ৫:০৭ **জোয়ার:** বিকেল : ৫:০৬। **ভাটা:** সকাল : ১২:২৭।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায়না।

- সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	:	63.3823
INR / 1 Euro	:	76.5024
INR / 100 Jap. YEN	:	56.0600
INR/1 Pound Sterling	:	86.0225

শেয়ার সূচক

BSE 34,153.85 ▲ (+184.21)
NIFTY 10,558.85 ▲ (+54.05)

ভাগ্যলিপি

মেষ সন্তানের চাহিদা আজ আপনাকে পূরণ করতে হবে। চিকিৎসার ক্ষেত্রের সঙ্গে যুক্ত ব্যক্তিরা সফল হবে।

বৃষ একটা কাজের দিন সহকর্মীরা আজ আপনার সঙ্গে সমানভাবে কাজ করবেন।

মিথুন আবেগতাড়িত না হয়ে যা বলছে তা শোনার চেষ্টা করুন। তাহলে আপনি সফল হবেন।

কর্কট ভালো মন্দ না ভেবে এগনোর চেষ্টা করুন। তাহলে ফল লাভ করতে পারবেন।

সিংহ আপনার কাজ সহজেই হয়ে যাবে। কাজেই বৈর্য্য ধরুন, সাফল্য আসবে।

কন্যা আর্থিক দামাডলের মধ্যে আপনাকে। সঙ্গমেয়াদি লক্ষ পূরণ হতে পারে আজ।

তুলা ভালো সময়ের মধ্যেদিন আটবে আপনার। পিকনিকের মেজাজে আজ দিনকাটাবে।

বৃশ্চিক যে প্রতিশ্রুতি দিয়ে ছিলেন তা পূরণ করার জন্য আপ্রাণ চেষ্টা চালিয়ে যান।

ধনু একটা ভালোদিন অপেক্ষাকরছে আপনার জন্য। সফল হবেন।

মকর হঠাৎ করে কাজের বোঝা বাড়বে। কিছুটা ঝুঁকিনিতে হবে। সময় পেলে সুযোগ কাজে

কুম্ভ ধর্মীয় ব্যাপারে আজ আপনাকে অর্থব্যয় করতে হতে পারে।

মীন আপনার স্বাস্থ্যনিয়ে সমস্যা পড়তে হতে পারে। প্রয়োজনে চিকিৎসকের পরামর্শ নিন।

শব্দলিপি- ১০৭৭

রিমঝিম দাশ

পাশাপাশি ঃ ১। সেচন ৩। অবিকল্প ৫। পৃথিবীর বিবরণ ৭। সাধারণত ৮। দেহকে অমর করার যৌগিক পদ্ধতি ৯। ইন্দ্রের সারথি ১১। বড়ো মশা ১২। জীবডিট্রিড প্রকৃতির দেহের রক্তক পদার্থ

উপরনীচ ঃ ১। প্রতিনিধি ২। সত্য বলে স্বীকৃত ৩। কৃতকর্মের জন্য খেদ ৪। বাটনচন্দনে লিপ্ত ৬। আরম্ভেই ত্রুটি ৭। রয়ো স্ত্রী সুলভ সজ্জা ৯। দুর্বল ১০। বাঁটিকবিতা

সমাধান ঃ শব্দলিপি - ১০৭৬

পাশাপাশি ঃ ১। বলাকা ৫। হির্থক ৬। রসদার ৭। কামন ৯। অজয় ১০। নাচানাচি ১২। হিংসা ১৩। ইতিথি

উপরনীচ ঃ ১। বরং ২। কাজের কাজ ৩। প্রতিবাদ ৪। আকচাআকচি ৬। রহস্যকাহিনি ৮। ময়নাবতী ৯। অবসান ১১। নাবিক

২ বাংলাদেশির থেকে জোর করে টাকা নেওয়ার অভিযোগ

নিজস্ব সংবাদদাতা, হাসনাবাদ : বৈধভাবে ভারতে আসা বাংলাদেশের এক নাগরিকের কাছ থেকে জোর করে টাকা নেওয়ার অভিযোগ উঠল। জিআরপি-র বিরুদ্ধে অভিযোগ তুলেছেন মহম্মদ মোক্তার হোসেন নামে বাংলাদেশের ওই নাগরিক। বসিরহাট স্টেশনের ঘটনা। মোক্তার হোসেনের অভিযোগ, শুক্রবার সকাল ১০টা নাগাদ উল্টোডাঙা স্টেশন থেকে হাসনাবাদগামী ট্রেনে ওঠেন মোক্তার ও তাঁর ভাই ইমাম আলি। বেলা ১২টা ১০ নাগাদ বসিরহাট স্টেশনে নামেন। তখন স্টেশনে কর্তব্যরত জিআরপি এসে মোক্তার ও ইমামকে ধরে। চেকিংয়ের নাম করে নিয়ে যাওয়া হয় স্টেশনের পাশে একটি ঘরে। অভিযোগ, সেখানে তাদের পাসপোর্ট সহ যাবতীয় কাগজ দেখার পর টাকা চাওয়া হয়। টাকা দিতে না চাওয়ায় মারধর করা হয় দু'জনকেই। পকেটে থাকা সাড়ে চার হাজার টাকা নিয়ে নেয়। এরপর চুপচাপ চলেও যেতে বলা হয় দুই ভাইকে। ভয়ে ইমাম চলে গেলেও মোক্তার বসিরহাট স্টেশনের জিআরপি অফিসে গিয়ে অভিযোগ দায়ের করার চেষ্টা করেন। কিন্তু, সেখানে কর্তব্যরত অফিসার অভিযোগ না নিয়ে ফিরিয়ে দেন মোক্তারকে। সংবাদমাধ্যমের দ্বারস্থ হন তিনি। পরে অভিযোগ নেয় জিআরপি। তারপর তদন্ত শুরু হয়েছে বলে জানানো হয়। কে বা কারা তা করেছে, নাকি জিআরপি-র নাম ভাঁড়িয়ে কেউ সে কাজ করেছে খতিয়ে দেখছে জিআরপি। মোক্তার ও ইমামের বাড়ি বাংলাদেশের সাতক্ষীরা জেলার শ্যামনগর থানার নবেকি এলাকায়। বাংলাদেশ থেকে কলকাতায় চিকিৎসা করাতে এসেছিলেন তাঁরা। এদেশে আসেন ২ জানুয়ারি। শুক্রবার বাড়ি ফিরছিলেন।

সম্প্রতি আহমদপুরে গৃহিনীদের ফ্ল্যাট বাড়ি বিতরণ করছেন মুখ্যমন্ত্রী।

পিকনিকে গিয়ে নদীতে তলিয়ে গেল যুবক

নিজস্ব সংবাদদাতা, সুন্দরবন : দক্ষিণেশ্বর থেকে সুন্দরবনে পিকনিকে গিয়ে নদীতে তলিয়ে গেলেন এক যুবক। এখনও তার খোঁজ পাওয়া যায়নি। যুবকের নাম ভিক্টর মণ্ডল (৩০)। শুক্রবার রাতে সুন্দরবনের রায়মঙ্গল নদীতে তলিয়ে যান তিনি। উত্তর ২৪ পরগনার হেমনগর কোস্টাল থানার পুলিশ তদন্তে নেমেছে। ৩০ জনের একটি দল দক্ষিণেশ্বর থেকে সুন্দরবনে গিয়েছিল পিকনিক করতে। শুক্রবার দুপুরে তাঁরা হেমনগর পৌঁছায় এবং রায়মঙ্গল নদীতে নৌকায় রাত কাটায়। রাতে খাওয়াদাওয়ার পর ভিক্টর নৌকার ছাউনির বাইরে গিয়ে বসেছিলেন। কিছুক্ষণ পর তাঁর সঙ্গীরা দেখেন, যে নৌকায় নেই।

শনিবার সকালে এই খবর ভিক্টরের দক্ষিণেশ্বরের বাড়িতে এসে পৌঁছানোর পর এলাকায় শোকের ছায়া নেমে আসে। ভিক্টরের স্ত্রী ও ৫ বছরের পুত্রসন্তান আছে। প্রাথমিক তদন্তের পর পুলিশের অনুমান, অসতর্কতার জেরে ভিক্টর নদীতে পড়ে যান।

হাওড়ায় রক্তদান শিবির

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়া জেলার কান্দুয়া অঞ্চল তৃণমূল কংগ্রেসের উদ্যোগে শীতের মরশুমে রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। প্রায় শতাধিক জন রক্তদান করেন। এই রক্তদান শিবিরে উপস্থিত ছিলেন বিধায়ক শীতল সরদার, তৃণমূল কংগ্রেসের নেতা সুনীলকান্তি নাহার, অলোক দত্ত, অনুপ্লব ঘোষ প্রমুখ। রক্তদান শিবিরকে কেন্দ্র উন্মাদনা ছিল তুঙ্গে। এলাকার মানুষের রক্তের প্রয়োজনে এই উদ্যোগ সাধুবাদযোগ্য। উপস্থিত নেতাকর্মীদের মধ্যে এঁকের বাতাবরণে এই শিবির অনুষ্ঠিত হয়।

মোবাইল চুরির কিনারা করল পুলিশ

নিজস্ব সংবাদদাতা, আমডাঙা : উত্তর ২৪ পরগনা জেলার আমডাঙার জিরাট বাজারে একটি মোবাইল দোকানে চুরির কিনারা করল আমডাঙা থানার পুলিশ। এই চুরির ঘটনায় দুই অভিযুক্তকে গ্রেফতার করা হয়েছে। চুরি যাওয়া মোবাইলও উদ্ধার হয়েছে। পুলিশ জানিয়েছে, দুই অভিযুক্ত হল হাফিজুল মণ্ডল ওরফে বাপি (২৫) এবং রাকিবুল মণ্ডল ওরফে পোরা (২২)। আমডাঙা থানার পুলিশ জানিয়েছে, গত ৩ জানুয়ারি গভীর রাতে জিরাট বাজার এলাকায় একটি একটি মোবাইল দোকানে চুরির ঘটনা ঘটে। গত ৩ জানুয়ারি থানার লিখিত অভিযোগ হয়। ৩০টি দামি মোবাইল খোয়া গেছে বলে জানতে পারে পুলিশ। চুরির তদন্তে নেমে শনিবার আমডাঙার হিসাবে এবং অশোকনগরের সুরিয়া এলাকা থেকে হাফিজুল এবং রাকিবুলকে গ্রেফতার করা হয়। পুলিশ ধৃতদের কাছ থেকে ৩০ টি চুরি যাওয়া মোবাইল উদ্ধার করে।

TENDER NOTICE

Sealed tenders are invited for Printing and supply of various register/records/forms etc. in bilingual form for official use of ANIDCO Ltd., Port Blair

The schedule of items and the terms and conditions can be obtained from the Sr. Manager (P&A), ANIDCO Ltd., Vikas Bhawan, Port Blair on all working days upto 5.00PM on 30/01/2018 free of cost or it may be downloaded from the website www.and.nic.in.

The last date for receipt of sealed tender at Vikas Bhawan, Port Blair is upto 3.00 PM on 31/01/2018, which will be opened at 3.30 PM on the same day in the presence of tenderers, if any present at that time.

The General Manager, ANIDCO reserves the right to accept or reject any or all of the tenders without assigning any reasons thereof.

General Manager(P&A)
ANIDCO
(F.No.5-17/ANIDCO/17-18)

1210/18

Unique No.50267